# মডেল অ্যাক্টিভিটি টাস্ক
## গণিত
## তৃতীয় শ্রেণি

১. **নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :**

ক) ১ টাকা = কত পয়সা?

খ) ফাঁকা ঘরগুলি পূরণ করো :

|   | ৫০ পয়সা |
|---|---|
|   | ৫০ পয়সা |
| + | ৫০ পয়সা |
|   | ☐ পয়সা = ☐ টাকা ☐ পয়সা |

২. ক) তোমার মাসি তোমাকে ২০ টাকা ৫০ পয়সা দিলেন এবং তোমার পিসি তোমাকে ৩০ টাকা ৫০ পয়সা দিলেন। তোমার মোট কত টাকা হলো?

খ) রহিমের কাছে ১টি ১০ টাকার নোট, ১টি ৫০ টাকার নোট এবং একটি ৫০ পয়সার কয়েন ছিলো। রহিম তার মোট টাকা এবং পয়সা থেকে পিটারকে ৩০ টাকা ৫০ পয়সা দিয়ে দিলো। তাহলে রহিমের কাছে কত টাকা থাকলো?

৩. একটি পিঁপড়ের ৬টি পা আছে। এইরকম ৮টি পিঁপড়ের মোট পায়ের সংখ্যা কত?

৪. সুজাতার কাছে ৫৫টি মার্বেল আছে। সে ৫ জনের মধ্যে সবকটি মার্বেল সমান ভাগে ভাগ করে দিল। প্রত্যেকে কটি করে মার্বেল পেল?

এখানে ভাজ্য = ☐, ভাজক = ☐, ভাগফল = ☐, ভাগশেষ = ☐
( ফাঁকা ঘরগুলি পূরণ করো)

**ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে। কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।**